

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(আইসিটি শাখা)
www.moulvibazar.gov.bd

সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত জেলা কমিটির আগস্ট ২০২২ মাসের সভার কার্যবিবরণী


সভাপতি	: মীর নাহিদ আহসান, জেলা প্রশাসক, মৌলভীবাজার।
সভার তারিখ ও বার	: ২১ আগস্ট ২০২২, রোজ রবিবার
সভার সময়	: দুপুর ০১:২০ ঘটিকা
সভার স্থান	: সভাকক্ষ
সভার উপস্থিতি	: পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মৌলভীবাজার সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, গত সভাটি ১৭ জুলাই ২০২২ খ্রি. অনুষ্ঠিত হয়েছিল। উক্ত সভার কার্যবিবরণী ০২ আগস্ট ২০২২ খ্রি. ০৫.৪৬.৫৮০০.০২৬.৯৯.০১২.২২-৬৯ নম্বর স্মারকে সংশ্লিষ্ট সকলের নিকট ই-মেইলে প্রেরণ করা হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১. সভা আয়োজনঃ সভায় জানানো হয়, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা অনুসারে জেলা ও উপজেলা পর্যায়ে এপিএ কমিটি রয়েছে। জেলা পর্যায়ে এপিএ কমিটির সভা প্রতিমাসে নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে। অনুরূপভাবে এপ্রিল-জুন ২০২২ মেয়াদে সকল উপজেলায় এপিএ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে উপজেলা নির্বাহী অফিসারগণ অবহিত করেছেন। এপিএ'র কার্যক্রম/কর্মসম্পাদন সূচক বাস্তবায়নে জেলা ও উপজেলা এপিএ কমিটি/টিমের সভা নিয়মিতভাবে করার বিষয়ে গুরুত্বারোপ করা হয় এবং নিয়মিত সভার কার্যবিবরণী বিভাগীয় ও জেলা কমিটিতে প্রেরণের বিষয় আলোচিত হয়।	১.১ উপজেলা কমিটির সভা নিয়মিত আয়োজন করে সভার কার্যবিবরণী বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট এবং জেলা প্রশাসক, মৌলভীবাজার বরাবর প্রেরণ করতে হবে। ১.২. জেলা কমিটির সভা নিয়মিত আয়োজনের বিষয় নিশ্চিত করতে হবে।	১.১ সভাপতি/সদস্য সচিব, উপজেলা এপিএ কমিটি, (সকল), মৌলভীবাজার। ১.২ সদস্য সচিব ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মৌলভীবাজার।
২. সকল অফিসে এপিএ বাস্তবায়নঃ গত সভার সিদ্ধান্ত মোতাবেক জেলা পর্যায়ের সকল দপ্তরের এপিএ চুক্তি স্বাক্ষরের বিষয়ে আলোচনা হয়। এ জেলার ৬৭টি দপ্তরের মধ্যে ৪৭টি দপ্তরের চুক্তি স্বাক্ষরের তথ্য পাওয়া গেছে এবং অবশিষ্ট দপ্তরের চুক্তি স্বাক্ষরের তথ্য না থাকলে শূন্য প্রতিবেদন চেয়ে পত্র প্রেরণের জন্য আলোচনা হয়।	২.১ ২০২১-২২ অর্থবছরের জেলা পর্যায়ের যে সকল দপ্তরের এপিএ চুক্তি স্বাক্ষরের তথ্য পাওয়া যায়নি সেসকল দপ্তরের তথ্য অথবা শূন্য প্রতিবেদন সংশ্লিষ্ট অফিস থেকে সংগ্রহ নিশ্চিত করতে হবে। ২.২ উপজেলা কমিটি উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের এপিএ বাস্তবায়ন তদারকি করবে।	২.১ সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। ২.২ সভাপতি/সদস্য সচিব, উপজেলা এপিএ কমিটি, (সকল), মৌলভীবাজার।
৩. ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণঃ গত সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২১-২০২২ অর্থবছরে জেলা পর্যায়ের ৪র্থ ত্রৈমাসিক/বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন স্ব স্ব উর্ধ্বতন কর্তৃপক্ষ	৩.১ জেলা পর্যায়ের দপ্তরসমূহের মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে	দপ্তর প্রধান, জেলা ও উপজেলা পর্যায়ের অফিস (সকল),

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
বরাবর প্রেরণের তথ্য জেলা কমিটিকে অবহিতকরণ বিষয়ে আলোচিত হয়। সভায় জানানো হয় জেলা পর্যায়ের ৪৭ টি দপ্তর থেকে ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের তথ্য পাওয়া গেছে। অবশিষ্ট দপ্তরসমূহের ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত তথ্য সংগ্রহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	স্ব স্ব উর্ধ্বতন দপ্তরে প্রমাণকসহ চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রেরণক্রমে এ কার্যালয়ে অনুলিপি প্রেরণের তথ্য সংশ্লিষ্ট অফিস থেকে সংগ্রহ নিশ্চিত করতে হবে। ৩.২ উপজেলা পর্যায়ের অফিস সমূহের ত্রৈমাসিক প্রতিবেদন সংগ্রহে উপজেলা কমিটি ব্যবস্থা গ্রহণ করবে।	মৌলভীবাজার। ৩.২ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা এপিএ কমিটি, মৌলভীবাজার (সকল)।

পরিশেষে সভায় আর কোন বিষয় আলোচনার না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।


২৮/৮/২২

(মীর নাহিদ আহসান)

জেলা প্রশাসক

মৌলভীবাজার।

☎ ০৮৬১-৬৩২০২

dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০২৬.৯৯.০১২.২২-৭৩

তারিখ : ১৩ ভাদ্র ১৪২৯
২৮ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট (সদয় অবগতির জন্য)।
৩. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৪. সিভিল সার্জন, মৌলভীবাজার।
৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, মৌলভীবাজার।
৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
৮. উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস/জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার।
৯. জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।


২৮/৮/২২

জেলা প্রশাসক

মৌলভীবাজার।